

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
ওয়েবসাইটঃ www.gsb.gov.bd

ফেইসবুক পেজঃ www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর - ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৩.১৩.(খন্ড-১)/ ৩০২৯

তারিখঃ ১৫ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ  
৩০ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম এর ৪০ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন/আইসিটি/ওয়েব টিমের ৪০ তম সভা গত ২৯ আগস্ট, ২০১৮ খ্রি: তারিখ, রোজ বুধবার অপরাহ্ন ১৪.৩০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

## ২.০. আলোচনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্যসচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ অনুযায়ী ইনোভেশন টিমের কার্যক্রম পরিচালনা করতে হবে। উক্ত কাঠামোর ৮ নম্বর ক্রমে উল্লিখিত ইনোভেশন মেন্টরিং এর জন্য অধিদপ্তরের কর্মকর্তাগণের মধ্য হতে মেন্টর-মেন্টরি প্রাথমিক তালিকা মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করার বিষয়ে আলোচনা করা হয় এবং অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে জমা রাখার জন্য সংশ্লিষ্ট আইডিয়া প্রদানকারীগণকে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় বিগত ৩৯ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। জিএসবি'র ২০১৮-২০১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ইন্টারনেট পরিসেবা বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তরের ভবনসমূহ LAN Network এর আওতায় আনার সম্ভাব্যতা যাচাই বিষয়ে আলোচনা করা হয়। সভায় দ্রুততার সহিত জিএসবি'র মোবাইল অ্যাপস এর কনটেন্টসমূহ ইংরেজি ভাষানে পরিবর্তন করার বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করার লক্ষ্যে বিদ্যমান সমস্যা দূরীকরণে এটুআই এর সহযোগিতায় প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।

## ৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ অনুযায়ী ইনোভেশন টিমের কার্যক্রম পরিচালনার জন্য ইনোভেশন মেন্টরিং এর জন্য অধিদপ্তরের কর্মকর্তাগণের মধ্য হতে মেন্টর-মেন্টরি প্রাথমিক তালিকা মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে এবং অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ আইডিয়া ব্যাংকে জমা রাখার জন্য সংশ্লিষ্ট আইডিয়া প্রদানকারীগণকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.২. জিএসবি'র ২০১৮-২০১৯ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা ১: 'জনসাধারণের চাহিদানুযায়ী জিএসবি'র বিভিন্ন গবেষণাগারে নমুনা বিশ্লেষণ সেবা সহজিকরণ' সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য টিমের সদস্য জনাব খন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল) উক্ত আইডিয়া প্রদানকারী কর্মকর্তাবৃন্দের সাথে প্রয়োজনীয় যোগাযোগ এবং সমন্বয় করে নির্ধারিত সময়ের মধ্যে আইডিয়া বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৩. উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২: 'জিএসবি'র কর্মকর্তা-কর্মচারীগণের দাপ্তরিক উপস্থিতি, অবস্থান এবং দপ্তর ত্যাগের সময় নিশ্চিতকল্পে ডিজিটাল হাজিরা ব্যবস্থা প্রবর্তন' সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ এবং কোন প্রক্রিয়ায়

তা বাস্তবায়ন করা হবে তা নির্ধারণ এর জন্য ইনোভেশন টিমের সভাপতি মহাপরিচালক মহোদয় এর সাথে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪. উদ্ভাবনী কর্মপরিকল্পনা ৩: ” ‘Google Map’ ভিত্তিক ভূ-বৈজ্ঞানিক তথ্যাবলী (তথ্য-উপাত্ত ও মানচিত্রের মাধ্যমে সঠিক অবস্থান প্রদর্শনসহ) জনস্বার্থে প্রকাশের লক্ষ্যে জিএসবি’র ওয়েবসাইটে সংযোজন” সংক্রান্ত আইডিয়া বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের সদস্য জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) উক্ত আইডিয়া প্রদানকারি কর্মকর্তাগণের সহযোগিতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৫. ইন্টারনেট পরিসেবা বৃদ্ধির লক্ষ্যে অধিদপ্তরের ভবনসমূহ LAN Network এর আওতায় আনার সম্ভাব্যতা যাচাই এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৬. জিএসবি’র মোবাইল অ্যাপস এর কনটেন্টসমূহ ইংরেজি ভাষানে পরিবর্তন করার জন্য কমিটির সদস্য জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কনটেন্টসমূহ প্রয়োজনীয় সম্পাদনা করবেন। জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল) এবং জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোবাইল অ্যাপসের জিএসবি সম্পর্কিত আইকনের ‘অধিদপ্তরের পরিচিতি ও মর্যাদা এবং দায়িত্ব ও কার্যাবলী’ অংশের ইংরেজি ভাষনে প্রস্তুত করবেন। কমিটির সদস্য জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোবাইল অ্যাপসের জিএসবি সম্পর্কিত আইকনের ‘শাখাসমূহ’ অংশের ইংরেজি ভাষনে প্রস্তুত করে আগামী সপ্তাহের মধ্যে জমা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৭. অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করণে বিদ্যমান সমস্যা দূরীকরণে এটুআই এর সহযোগিতায় প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- ৩০/০৮/২০১৮

(সাইদুল হোসেন)

পরিচালক (ভূতত্ত্ব)

সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

ফোনঃ ৫৮৩১২২১৬৮

E-mail: hossain747@gmail.com

স্মারক নম্বর: - ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৩.১৩.(খন্ড-১)/ ৩০২৯

তারিখ: ১৫ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ  
৩০ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৩) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৪) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৬) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯) নথিতে সংরক্ষণের জন্য।

জারীকৃত  
স্বাক্ষর-  
তারিখ- ৩০/৮/২০১৮

স্বাক্ষরিত ৩০/৮/২০১৮  
(রাজিব কুমার সাহা)  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)  
সদস্যসচিব

ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি  
E-mail: rajibkumarsaha@hotmail.com